অন্তর্বর্তী সরকারকে চাপে ফেলতে স্বেচ্ছাসেবক নেতা হত্যা: মির্জা ফখরুল



সংগৃহীত ছবি

রাজধানীতে মহানগর উত্তর স্বেচ্ছাসেবক দলের সাবেক সাধারণ সম্পাদক আজিজুর রহমান মুসাব্বিরকে হত্যা করা হয়েছে। বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এ ঘটনার তীব্র নিন্দা জানিয়ে বলেছেন, এই হত্যাকাণ্ডের মাধ্যমে অন্তর্বর্তীকালীন সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন করার চেষ্টা চালানো হয়েছে।

তিনি বলেন, "দেশে গণতন্ত্র ও ভোটের অধিকার নিশ্চিত করা, নাগরিকদের নিরাপত্তা রক্ষা করা এবং আইনশৃঙ্খলা বজায় রাখার জন্য দুষ্কৃতিকারীদের দমন করা অপরিহার্য। সবাইকে দল-মত নির্বিশেষে একত্রিত হয়ে এই পরিস্থিতির মোকাবিলা করতে হবে।"

বিএনপি মহাসচিবের শোকবার্তায় উল্লেখ করা হয়েছে, দেশ অস্থিতিশীল করার চেষ্টা চলছেই এবং মুসাব্বির হত্যাকাণ্ড সেই প্রক্রিয়ার একটি নির্মম অংশ। তিনি হত্যাকারীদের দ্রুত গ্রেফতার ও কঠোর শাস্তির দাবি জানান এবং নিহতের আত্মার শান্তি কামনা করে শোকাহত পরিবারের প্রতি সমবেদনা প্রকাশ করেন।

LENS ASIA